নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৪৬৩

তারিখ: ০১ আষাঢ় ১৪২৬
১৫ জুন ২০১৯

# পরিপত্র

## ইলেক্ট্রনিক ভোটিং মেশিনে ভোটগ্রহণ বিষয়ক বিশেষ পরিপত্র

**বিষয় : ৫ম উপজেলা পরিষদ নির্বাচন ২০১৯ এ পঞ্চম পর্যায়ে ৪টি উপজেলার সকল ভোটকেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ জুন, ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ৫ম পর্যায়ে ৪টি উপজেলা পরিষদ নির্বাচনে নির্ধারিত ভোটকেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। কেন্দ্রসমূহে ভোট গ্রহণ, প্রশিক্ষণ ও প্রদর্শন (ভোটিং এডুকেশন) এর জন্য প্রয়োজনীয় সংখ্যক ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) কাস্টমাইজেশনসহ (সংলগ্নী-১) নির্বাচন উপযোগী করে নির্বাচন কমিশন হতে যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করা হয়েছে।

০২। **ইভিএম ব্যবহার পদ্ধতি সম্পর্কে প্রার্থী এবং ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার :** ইভিএম ব্যবহার যেহেতু একটি কারিগরী বিষয় এবং নতুন ধারণা, তাই এর ব্যবহার, কার্যকারিতা এবং সফলতা সম্পর্কে সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাদের নির্বাচনী এজেন্ট, পোলিং এজেন্ট এবং ভোটারদের মধ্যে প্রচারের ব্যবস্থা করতে হবে। ভোটগ্রহণ কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার ও সহকারী প্রিজাইডিং অফিসারদের সুবিধার্থে ইভিএম ব্যবহার পদ্ধতি বিষয়ক একটি নির্দেশিকার প্রয়োজনীয় সংখ্যক কপি প্রেরণেরও ব্যবস্থা করা হয়েছে।

০৩। **নিরাপত্তা সহকারে ইভিএম এর পরিবহন, সংরক্ষণ ও কার্যকারিতা যাচাইকরা:** ইভিএমসমূহ ইলেক্ট্রনিক ডিভাইস। উক্ত মেশিনসমূহ সারিবদ্ধভাবে রেখে যথাযথ নিরাপত্তার সাথে পরিবহন করতে হবে। ভোটগ্রহণের পূর্বের দিন অন্যান্য নির্বাচনি মালামাল সহকারে ইভিএমসমূহ প্রিজাইডিং অফিসারকে বুঝিয়ে দিতে হবে এবং প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্রে গিয়ে সহকারী প্রিজাইডিং অফিসারসহ অবশ্যই ইভিএমসমূহের কার্যকারিতা ও সঠিকতা যাচাই করবেন। কোনরুপ ত্রুটি-বিচ্যূতি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে প্রিজাইডিং অফিসার রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। রিটার্নিং অফিসার আঞ্চলিক কন্ট্রোল রুমকে অবহিত করে ত্রুটি-বিচ্যূতি সংশোধন অথবা প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। **কারিগরী দলের গঠন :** প্রতিটি ভোটকেন্দ্রে নির্বাচন কমিশনের পক্ষে ২ জন সশস্ত্র বাহিনীর সদস্যসহ মোট ৩ জন কারিগরী সদস্য সহযোগিতা প্রদান করবেন। এজন্য রিটার্নিং অফিসার, তাদেরকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান করবেন। সামরিক বাহিনীর সদস্যদের এবং কারিগরী দলের অপরাপর সদস্যদের বহনকারী যানবাহন সমূহ প্রাপ্যতার ভিত্তিতে স্ব স্ব ডিভিশন হতে যোগান দেয়া হবে এবং অপ্রতুলতার ক্ষেত্রে সহকারী রিটার্নিং অফিসার প্রয়োজনীয় সংখ্যক যানবাহন (যথাযোগ্য ও রিকুইজেশনের মাধ্যমে) যোগানের ব্যবস্থা করবেন। ।প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণের জন্য ভোটকেন্দ্র ও ভোটকক্ষ প্রস্তুত করবেন। ভোটগ্রহণ চলাকালে ইভিএম মেশিনের কোন সমস্যা দেখা দিলে বা মেশিন প্রতিস্থাপনের প্রয়োজন হলে নির্বাচন কমিশনের নিযুক্ত কারিগরী সদস্যগণ তা সচল করা বা প্রতিস্থাপনের ব্যবস্থা করবেন।। ভোটকেন্দ্রের অভ্যন্তরে নিয়োজিত কারিগরী সদস্যগণ মোবাইল টিম/কন্ট্রোল রুমের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নিমিত্তে মোবাইল ফোন বহন ও ব্যবহার করতে পারবেন।

০৫। **রিজার্ভ টেকনিক্যাল টিম :** নির্বাচন কমিশন হতে প্রেরিত সমন্বয়কারী কর্মকর্তা / ডাটা এন্ট্রি অপারেটর / টেকনিক্যাল এক্সপার্ট / টেকনিক্যাল সাপোর্ট সদস্যগণের সমন্বয়ে গঠিত একটি রিজার্ভ টেকনিক্যাল টিম সংশ্লিষ্ট সহকারী রিটার্নিং অফিসার/ উপজেলা নির্বাচন অফিসে অবস্থান করবেন। ভোট গ্রহণের দিন বিভিন্ন ভোট কেন্দ্রে ইভিএম এর কারিগরী সমস্যা পূর্বোক্ত কারিগরী সদস্যগণ কর্তৃক সমাধানে অসমর্থ হলে তা নিরসনে রিজার্ভ টেকনিক্যাল টিম প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার রিজার্ভ টেকনিক্যাল টিমের যানবাহন, জ্বালানী ও আনুষাঙ্গিক লজিষ্টিকস সহায়তা প্রদান করবেন।

০৬। **অতিরিক্ত অডিট ও পোলিং কার্ডের ব্যবহার :** সুষ্ঠুভাবে উপজেলা পরিষদের নির্বাচন সম্পন্ন করার উদ্দেশ্যে কেন্দ্রে ব্যবহৃত অডিট কার্ড ও পোলিং কার্ডের একটি সামগ্রিক ব্যাকআপ সহকারী রিটার্নিং অফিস/উপজেলা নির্বাচন অফিসে সংরক্ষিত থাকবে। জরুরী প্রয়োজনে সহকারী রিটার্নিং অফিসার/উপজেলা নির্বাচন অফিসার উক্ত ব্যাকআপ কার্ডসমূহ প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসারকে সরবরাহ করবেন। রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার উক্ত ব্যাকআপ কার্ডসমূহ সংশ্লিষ্ট ভোট কক্ষের ইভিএমসমূহ সচল করার নিমিত্তে অথবা নতুন ইভিএম ব্যবহার উপযোগী করতে ব্যবহার করবেন এবং উক্ত কার্ডসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৭। **ডেমো ভোট গ্রহণ সংক্রান্ত :** ভোটকেন্দ্রে ব্যবহারের জন্য সরবরাহকৃত ইভিএমসমূহ ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে ভোটকেন্দ্রে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা নির্বাচনী এজেন্ট অথবা পোলিং এজেন্টগণকে ডেমো ভোট গ্রহণ প্রদর্শন করতে হবে। ডেমো ভোট গ্রহণের প্রাক্কালে ইভিএমসমূহে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম (বর্ণানুক্রমিক) ও প্রতীক সঠিক আছে কিনা তাও দেখাতে হবে। এছাড়াও নিম্নলিখিত বিষয়াদি অনুসরণ করতে হবে:

ক) সহকারী প্রিজাইডিং অফিসার সকাল ০৮:৩০ মিনিটের পূর্বে ডেমো ভোট গ্রহণ শুরু করবেন। কন্ট্রোল ইউনিটের স্ক্রীনে **"ভোট ১৫ মিনিটের মধ্যে শুরু হতে যাচ্ছে, ডেমো ভোট শেষ করে ফলাফল দেখুন এবং ভোটগ্রহণ সঠিক সময়ে শুরু করুন"** এই ম্যাসেজটি (সকাল ০৮:৪৫ মিনিটে ম্যাসেজটি প্রদর্শিত হবে)স্ক্রীনে প্রদর্শিত না হওয়া পর্যন্ত ডেমো ভোটের প্রিন্ট নেয়া যাবে না। ডেমো ভোট গ্রহণ শেষ করার ম্যাসেজ স্ক্রীনে প্রদর্শিত হলে সাথে সাথে সহকারী প্রিজাইডিং অফিসার ম্যাসেজটি বন্ধ করে "ভোট শেষ" বাটনে চাপ দিয়ে ডেমো ভোটগ্রহণ বন্ধ করবেন। অতঃপর সহকারী প্রিজাইডিং অফিসার, প্রিজাইডিং অফিসারের কাছে রক্ষিত অডিট কার্ড প্রবেশ করিয়ে তার আঙ্গুলের ছাপ দেয়ার পর ডেমো ভোটের ফলাফল দেখে প্রিন্ট নিবেন এবং উপস্থিত সকল পোলিং এজেন্টের স্বাক্ষর নিয়ে নিজের কাছে সংরক্ষণ করবেন।

খ) সকাল ০৮:৪৫ হতে ০৯:০০ টা পর্যন্ত সহকারী প্রিজাইডিং অফিসার তার কক্ষে মূল ভোট গ্রহণের প্রস্তুতি নিবেন। ডেমো ভোটের ফলাফল প্রিন্ট করার পর "পুনরায় ভোট শুরু করুন" বোতামে চাপ দিতে হবে। সকাল ০৯:০০ টার পূর্ব পর্যন্ত "ডেমো ভোট" ও "ভোট শুরু" দুটি বোতামই নিস্ক্রিয় থাকবে।

০৮। **মক ভোটিং :** সংশ্লিষ্ট প্রতিটি উপজেলায় ভোট গ্রহণের পূর্বে মক ভোটিং সম্পন্ন করতে হবে। উপজেলা পরিষদ নির্বাচনের জন্য নির্ধারিত প্রতিটি ভোট কেন্দ্রে ৫ম পর্যায়ের জন্য ১৬ জুন ২০১৯ এবং সকাল ১০:০০টা হতে বিকাল ০৪:০০টা পর্যন্ত মক ভোটিং অনুষ্ঠিত হবে। উক্ত মক ভোটিং অনুষ্ঠানে সকল প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার উপস্থিত থেকে ডেমোনেস্ট্রেশনের জন্য ব্যবহৃত ইভিএম এর সাহায্যে মক ভোটিং সম্পন্ন করবেন। ডেমোনেস্ট্রেশনের জন্য ব্যবহৃত ইভিএমসমূহ সংশ্লিষ্ট ভোট কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত ডেমোনেস্ট্রেটরগণ মক ভোটিং এর জন্য প্রস্তুত করবেন। মক ভোটিং শেষে সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/ ডেমোনেস্ট্রেটর মক ভোটিং এ ব্যবহৃত ইভিএমসমূহ সহকারী রিটার্নিং অফিসার/ উপজেলা নির্বাচন অফিসারকে বুঝিয়ে দিবেন। প্রিজাইডিং অফিসারগণ ভোট গ্রহণের পূর্বের দিন ভোট গ্রহণের জন্য ব্যবহৃতব্য ইভিএমসমূহ, বিভিন্ন কার্ড এবং অন্যান্য আনুষাঙ্গিক দ্রব্যাদি রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট হতে বুঝে নিয়ে ম্যানুয়েলের নির্দেশনা অনুসারে প্রতিটি ভোট কক্ষে স্থাপন করতঃ নির্বাচন উপযোগী করে বিকাল ০৪:০০ টার মধ্যে কন্ট্রোল রুমকে অবহিত করবেন।

০৯। **ভোটের ফলাফল দ্রুত প্রেরণ নিশ্চিতকরণ :** ইভিএম ব্যবহারের ক্ষেত্রে প্রত্যেক সহকারী প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণ শেষে প্রশিক্ষণের সময় প্রদর্শিত ও বিধিতে নির্ধারিত পদ্ধতি অনুসারে ইভিএমসমূহ প্রিজাইডিং অফিসারের নিকট জমা দিবেন।

(১) ইভিএম কর্তৃক প্রাপ্ত ফলাফল হতে প্রিজাইডিং অফিসার তা সংশ্লিষ্ট পদের ভোট গণনার বিবরণীতে (ফরম ঞ/ঞ-১ /ঞ-২) লিপিবদ্ধ করার পর, সেটি ন্যুনতম ০৫ কপি প্রিন্ট করে প্রিজাইডিং অফিসার নিম্নলিখিত কার্যাদি সম্পাদন করবেন;

ক) একজন সহকারী প্রিজাইডিং অফিসারকে মালামালসমূহ সংগ্রহপূর্বক বিধি মোতাবেক ফলাফল প্রকাশের নিমিত্তে দায়িত্ব প্রদান করবেন;

খ) প্রিজাইডিং অফিসার উপস্থিত প্রার্থী, প্রার্থীর নির্বাচনী এজেন্ট এবং পোলিং এজেন্টদের সামনে বিধি মোতাবেক ফলাফল প্রকাশ করার পর নির্ধারিত ফর্ম রিটার্নিং /সহকারী রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন;

গ) দ্রুত ফলাফল প্রেরণের জন্য ক্ষেত্র বিশেষে (নেটওয়ার্কের কারিগরী সমস্যা থাকলে) ০১ জন সহকারি প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসার ভোট কেন্দ্রে বিধি মোতাবেক ফলাফল প্রকাশের সাথে সাথে প্রয়োজনীয় নিরাপত্তার সহিত যানবাহন যোগে সহকারি রিটার্নিং অফিসারের কার্যালয়ে ফলাফল প্রেরণ নিশ্চিত করবেন;

(২) প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসারের নিকট হতে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার ফলাফল গ্রহণের সাথে সাথে তা দ্রুত প্রকাশ করবেন। ইভিএম সংশ্লিষ্ট সকল ভোট কেন্দ্রের সার্বিক ফলাফল সন্ধ্যা ০৬:০০ ঘটিকার মধ্যে অবশ্যই প্রকাশ করবেন।

১০। **কারিগরী সদস্যদর নিরাপত্তা নিশ্চিতকরণ :** মক ভোট পরিচালনা এবং ভোট গ্রহণের দিন কেন্দ্রে অবস্থানরত কারিগরী সহায়তা প্রদানকারী সামরিক বাহিনীর সদস্যগণ নিরস্ত্র থাকবেন। রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার এবং ক্ষেত্রমতে, প্রিজাইডিং অফিসার ভোট কেন্দ্রে অবস্থানকারী আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং টহল কাজে নিয়োজিত পুলিশ, র‍্যাব, বিজিবির সহায়তায় উক্ত সশস্ত্র বাহিনীর কারিগরী সদস্যগণের যাবতীয় নিরাপত্তা নিশ্চিত করবেন। উক্ত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সমূহের সাথে যোগাযোগ স্থাপনের জন্য সশস্ত্র বাহিনীর কারিগরী সদস্যগণ মোবাইল ফোন বহন করতে পারবেন। উল্লিখিত ব্যবস্থা ছাড়াও যেকোন প্রকার অনাকাঙ্খিত ঘটনা প্রতিরোধে এবং তাদের নিরাপত্তা বিধান কল্পে সশস্ত্র বাহিনীর সদস্যগণ সর্বশেষ পন্থা হিসেবে নিজস্ব প্রশাসনিক সুবিধাদানকারী সেনা ক্যাম্পের সাথে যোগাযোগ স্থাপন করে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে পারবেন।

১১। **ইভিএম ব্যবহারকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের দায়িত্ব সংক্রান্ত :** জনস্বার্থে ইভিএম বাস্তবায়ন এবং রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্য সুনিশ্চিত করার উদ্দেশ্যে নিয়োজিত নিম্নলিখিত ব্যক্তিবর্গের দায়িত্ব উল্লেখ করা হল।

ক) রিটার্নিং অফিসার কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

(১) সহকারী রিটার্নিং অফিসারকে যানবাহনসহ যাবতীয় লজিষ্টিকস সাপোর্ট প্রদান করবেন;

(২) সহকারী প্রিজাইডিং অফিসারের নিকট থেকে RMS এর মাধ্যমে ফলাফল পাওয়া মাত্র তা বার্তাশীট প্রস্তুত করে RMS এ প্রেরণ করবেন;

(৩) কমিশন হতে প্রেরিত কর্মকর্তা / ডেটা এন্ট্রি অপারেটর / টেকনিক্যাল এক্সপার্ট / টেকনিক্যাল সাপোর্ট / সশস্ত্র বাহিনীর সদস্যগণের যানবাহনসহ যাবতীয় লজিষ্টিকস সহায়তা প্রদান করবেন;

(৪) তাঁর অধীনস্থ সকল কেন্দ্রসমূহের উপর নজরদারী করবেন;

খ) সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

(১) রিটার্নিং অফিসারকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন;

(২) প্রিজাইডিং অফিসারের নিকট হতে ফলাফল পাওয়া মাত্র তা RMS যাচাই করে বার্তাশীট প্রস্তুত করবেন এবং রিটার্নিং অফিসারের নিকট RMS এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবেন;

গ) প্রিজাইডিং অফিসার কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

(১) প্রিজাইডিংঅফিসার প্রদত্তইভিএম সমূহের কার্যকারিতা পরীক্ষা করে দেখবেন;

(২) ভোট গ্রহণ শেষে সকল কক্ষের কার্ডসহ কন্ট্রোল ইউনিটসমূহ সহকারী প্রিজাইডিং অফিসারদের সহযোগিতায় ভোট গণনার জন্য নির্ধারিত একটি কক্ষে নিয়ে আসবেন এবং একটি মেশিন হইতে কেন্দ্র ভিত্তিক ফলাফল মুদ্রণ করবেন;

(৩) সহকারী রিটার্নিং অফিসারকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন;

ঘ) সহকারী প্রিজাইডিং অফিসার কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

(১) প্রতি কক্ষ সমূহে ম্যানুয়েল অনুযায়ী ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ সম্পন্ন করবেন;

(২) ভোট কেন্দ্রের ইভিএম ও সংশ্লিষ্ট মালামাল সমূহ বুঝে নিবেন;

(৩) ভোটগ্রহণ শেষে দায়িত্বশীলতার সাথে সঠিকভাবে ইভিএম ও সংশ্লিষ্ট মালামাল সমূহ বুঝিয়ে দিবেন যেন কোনভাবেই মেশিন ক্ষতিগ্রস্থ না হয়;

১২। **ইভিএম ও নির্বাচনি মালামাল সংরক্ষণঃ** ভোট গণনা শেষে ইভিএম সমূহ সংশ্লিষ্ট প্যাকেটে প্রবেশ করিয়ে নির্দেশিকা অনুযায়ী দায়িত্বশীলতার সহিত রিটার্নিং অফিসারকে বুঝিয়ে দিবেন। ব্যবহৃত কার্ডসমূহ সরবরাহকৃত খামে ভরে সিলগালা পূর্বক গানি ব্যাগে প্রবেশ করিয়ে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করতে হবে। এছাড়া ও ব্যবহৃত ভোটার তালিকা প্যাকেট ৭-এ, ভোট গণনার বিবরণী ফরম ঞ, ঞ-১ ও ঞ-২ সম্বলিত সকল প্যাকেট এবং অন্যান্য নির্বাচনি সামগ্রী গানি ব্যাগে প্রবেশ করিয়ে সিলগালা পূর্বক রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

১৩। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),..................ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ................ ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)।

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৪৬৩

তারিখ: ০১ আষাঢ় ১৪২৬ / ১৫ জুন ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

৭. সচিব, .............................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, .............................. (সকল)
১২. পুলিশ কমিশনার, .................................(সংশ্লিষ্ট)
১৩. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. রেঞ্জ (সকল)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. যুগ্মসচিব (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা প্রশাসক, .................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৯. পুলিশ সুপার, ................................. (সংশ্লিষ্ট)
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................ (সকল)
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)
২৩. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সংশ্লিষ্ট)
২৪. ............................................................ ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, .................... (সংশ্লিষ্ট)
২৬. জেলা তথ্য অফিসার, ......................................... (সংশ্লিষ্ট)
২৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................. -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩১. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
৩২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................ (সংশ্লিষ্ট)
৩৩. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

২৮/৮/১৯

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৪১
e-mail:sas_emc2@ecs.gov.bd

পরিশিষ্ট-২

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ**
**নির্বাচন কমিশন সচিবালয়**
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd
যানবাহন, ষ্টোর ও সাধারণ সেবা ইউনিট

নং- ১৭.১০.০০০০.০৭২.৪৩.১৩.১৮-৪৪

তারিখঃ ৩০ জৈষ্ঠ্য ১৪২৫ বঙ্গাব্দ / ১৩ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ৫ম উপজেলা পরিষদ নির্বাচন-২০১৯ উপলক্ষে ৫ম পর্যায়ে অনুষ্ঠিতব্য চারটি উপজেলা/থানায় ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের রিয়েল কার্ড সরবরাহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৫ম উপেজলা পরিষদ নির্বাচন-২০১৯ উপলক্ষে আগামী ১৮ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ৫ম পর্যায়ের উপজেলা পরিষদ নির্বাচনে ০৪টি উপজেলা/থানায় (গাজীপুর সদর, নারায়ণগঞ্জ বন্দর, ব্রাহ্মণবাড়ীয়া বিজয়নগর ও নোয়াখালী সদর) ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলাসমূহে নির্বাচন পরিচালনার জন্য আগামী ১৬ জুন ২০১৯ রোজ রবিবার বিকেল ৬.০০ ঘটিকায় ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের রিয়েল কার্ড সরবরাহ করা হবে।

২। এমতাবস্থায়, উপরোল্লিখিত তারিখ ও সময়ে ঢাকার আগারগাঁওস্থ "নির্বাচন ভবন" (B-1 এর কাস্টমাইজেশন সেন্টার), সহকারী পরিচালক; যানবাহন, স্টোর ও সাধারণ সেবা (মোবাইল নম্বর ০১৭৩৭১২২৭৬৮) এর নিকট হতে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের রিয়েল কার্ড গ্রহণ করার জন্য প্রয়োজনীয় যানবাহন ও নিরাপত্তা বাহিনীর সদস্যসহ উপর্যুক্ত প্রতিনিধী (১ম শ্রেণী অথবা ২য় শ্রেণীর কর্মকর্তা) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**প্রাপক**
১। রিটার্নিং কর্মকর্তা
নোয়াখালী / গাজীপুর / ব্রাহ্মণবাড়ীয়া / নারায়ণগঞ্জ।
২। সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা
নোয়াখালী / গাজীপুর / ব্রাহ্মণবাড়ীয়া / নারায়ণগঞ্জ।

13.06.2019
(মোছাঃ খায়রুন নাহার)
সহকারী পরিচালক
(যানবাহন, ষ্টোর ও সাধারণ সেবা)
ফোনঃ ৫৫০০৭৫৭৯

নং-১৭.০০.০০০০.০৭২.৪৩.১৩.১৮-৪৪

তারিখঃ ৩০ জৈষ্ঠ্য ১৪২৫ বঙ্গাব্দ / ১৩ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
২. যুগ্ম-সচিব ও পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা......................(সংশ্লিষ্ট)
৫. সহকারী রিটার্নিং কর্মকর্তা.........................(সংশ্লিষ্ট)
৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার, .............................................(সংশ্লিষ্ট)
৭. একান্ত সচিব, সচিব , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

13.06.2019
(মোছাঃ খায়রুন নাহার)
সহকারী পরিচালক
(যানবাহন, ষ্টোর ও সাধারণসেবা)